

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১০, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা।

বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০২ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ভোটার তালিকা হালনাগাদ-২০১৭ কার্যক্রমে বিশেষ এলাকার কমিটি ঘোষণা।

নং ১৭.০০.০০০০.০২৬.৩২.০০১.১৭-(অংশ-১)-১৫০—উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ-২০১৭ কার্যক্রমে নিম্নেবর্ণিত হক অনুযায়ী বিশেষ এলাকার জন্য বিশেষ কমিটি ঘোষণা করা হল :

ক্রম নং	কার্যক্রমে বিশেষ এলাকার কমিটির নাম	আহবায়ক
০১	উপজেলা নির্বাচনী কর্মকর্তা	সদস্য
০২	সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
০৩	থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
০৪	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা	সদস্য
০৫	বাংলাদেশ সেনাবাহিনীর প্রতিনিধি	সদস্য
০৬	বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি	সদস্য
০৭	প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি	সদস্য
০৮	জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি	সদস্য
০৯	স্পেশাল ব্রাঞ্চ এর প্রতিনিধি	সদস্য
১০	প্রতিনিধি, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ (পার্বত্য জেলার ক্ষেত্রে)	সদস্য
১১	হেড ম্যান (পার্বত্য জেলার ক্ষেত্রে)	সদস্য
১২	কারবারী (পার্বত্য জেলার ক্ষেত্রে)	সদস্য
১৩	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সদস্য
১৪	উপজেলা নির্বাচন কর্মকর্তা	সদস্য-সচিব

(৭৪৪৩)

মূল্য : টাকা ৪.০০

বিশেষ কমিটির কার্যপরিধি :

- (১) বিশেষ তথ্য ফরমে প্রদত্ত সকল জাতীয় পরিচয়পত্রের NID নম্বরসমূহ Online যাচাই করবেন। যাচাইকালে নিম্নলিখিত বিষয়াদি পর্যবেক্ষণ করবেন।
 - (ক) ভাই/বোনের ডাটাবেইজে পিতা/মাতার নামের সাথে আবেদনকারীর ফরম-১ এ উল্লিখিত পিতা/মাতার নামের মিল থাকতে হবে।
 - (খ) চাচা/ফুফুর ডাটাবেজে তাদের পিতার নাম ও ঠিকানার সাথে আবেদনকারীর বিশেষ তথ্য ফরমে প্রদত্ত পিতামহের নাম ও ঠিকানার মিল থাকতে হবে।
 - (গ) বর্তমান ঠিকানার বিবরণ সঠিক থাকতে হবে।
 - (ঘ) প্রয়োজনে নিকট আঞ্চায়ের মোবাইল নম্বরে কথা বলে তাদের পরিচিতি/তথ্য সম্পর্কিত বিষয়ে নিশ্চিত হতে হবে।
- (২) ভোটার তালিকা আইন, ২০০৯ অনুযায়ী ভোটার হতে ইচ্ছুক উপযুক্ত ব্যক্তিকে বাংলাদেশের কোথাও “সচরাচর নিবাসী” হতে হবে। নির্বাচন কমিশন কর্তৃক জারিকৃত পরিপন্তে উল্লিখিত জেলাসমূহে যদি কেউ সচরাচর নিবাসের দাবি করে তবে সেই দাবির যথার্থতা পুঁজানুপুঁজভাবে অনুসন্ধান করতে হবে। শুধু একটি নিবাসের ঠিকানাই এ জন্য যথেষ্ট হবে না। নিবাসের প্রমাণস্বরূপ তাকে এ সংক্রান্ত প্রশ্নীত অতিরিক্ত তথ্য সংগ্রহ ফরম অনুযায়ী চাহিত সব তথ্য প্রদান করতে হবে।
- (৩) যদি বর্ণিত জেলাসমূহে এই সমস্ত ব্যক্তি নিজস্ব সম্পত্তির সুত্রে তালিকাভুক্তির দাবি করে তবে তাদের সম্পত্তির মালিকানা ও এতদসংক্রান্ত অন্যান্য তথ্য সংশ্লিষ্ট দলিলাদির তথ্য সংগ্রহকারীকে প্রদান করতে হবে।
- (৪) যারা বাংলাদেশী কোন নাগরিকের সাথে বৈবাহিক সুত্রে ভোটার তালিকাভুক্তির দাবি করবেন তাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নাগরিক সনদপত্রসহ দলিলাদির তথ্য সংগ্রহকারীকে প্রদান করতে হবে।
- (৫) অন্য কোন সুত্রে কেউ ভোটার হওয়ার উপযুক্ত দাবি করলে তাদেরকে এতদসম্পর্কিত প্রমাণাদি তথ্য সংগ্রহকারীকে প্রদান করতে হবে।
- (৬) তথ্য সংগ্রহকারীগণ প্রতিটি বাড়ি বাড়ি গিয়ে ফরম-১ এর সাথে ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের আওতায় অতিরিক্ত তথ্য ফরম (কপি সংযুক্ত) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় দালিলিক কাগজপত্রসহ প্রতিটি কেস উপজেলা নির্বাচন অফিসারের নিকট জমা দিবেন। পরবর্তীতে উপজেলা নির্বাচন অফিসার উল্লিখিত কাগজপত্রাদি উপজেলা বিশেষ কমিটির নিকট উপস্থাপন করবেন।
- (৭) উপজেলা বিশেষ কমিটি প্রতিটি ফরম পুঁজানুপুঁজভাবে যাচাই বাছাইপূর্বক সিদ্ধান্ত প্রদান করবেন। গ্রহণযোগ্য কেসগুলিতে উপজেলা বিশেষ কমিটির ইতিবাচক সিদ্ধান্ত সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারকে অবহিত করার পর তিনি ঐ সমস্ত নাগরিকদের ভোটার তালিকাভুক্ত করার জন্য দিনক্ষণ নির্ধারণপূর্বক নির্বন্ধন কেন্দ্রে তাদের আগমনের জন্য নোটিশ জারী করবেন। যাদের কেস গ্রহণ করা হবে না, কি কারণে তা গ্রহণ করা হলো না, প্রতিটি কেসের জন্য নোটশীটে জেলা কমিটির সদস্যদের স্বাক্ষরে তা নিপিবন্দ করতে হবে। এছাড়া উপজেলা নির্বাচন অফিসার নিষ্পত্তির বিষয়টি প্রতিটি বিশেষ তথ্য ফরম (ফরম-১ এর অতিরিক্ত তথ্য)-এর ১৬নং ক্রমিকে বিশেষ কমিটির সিদ্ধান্ত লিপিবদ্ধ করবেন।
- (৮) উপজেলা বিশেষ কমিটি যাদের আবেদন বাতিল করবে, সংক্ষুক্ত ব্যক্তি খসড়া তালিকা প্রকাশের পর উক্ত বিষয়ে বিশেষ কমিটির সিদ্ধান্তের অনুলিপি নিয়ে সংশোধনী কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন।

রৌশন আরা বেগম

সহকারী সচিব (নিঃসং-২)।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd